# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 04 May, 2025

গাজীপুরে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সংগঠক (দক্ষিণাঞ্চল) হাসনাত আব্দুল্লাহর গাড়িতে হামলার প্রতিবাদে রাজধানী ঢাকায় বিক্ষোভ মিছিল করেছে দলটি।রোববার (৪ মে) রাত ১০টার পর বাংলামোটর থেকে বিক্ষোভ মিছিলটি শুরু হয়ে টিএসসির দিকে রওনা হয়।

বিক্ষোভে এনসিপির নেতাকর্মীরা অংশ নেন এবং হাসনাত আব্দুল্লাহর ওপর হামলার তীব্র নিন্দা জানান।তারা হামলাকারীদের ২৪ ঘণ্টার মধ্যে আইনের আওতায় আনার দাবি জানান এবং দ্রুত বিচার দাবি করেন।

বিক্ষোভে গর্জে ওঠে স্লোগান

মিছিলে অংশগ্রহণকারীদের মুখে ছিল প্রতিবাদী ও চেতনায় উত্তাল নানা স্লোগান—

‘হাসনাত, হাসনাত’,

‘আপস না সংগ্রাম, সংগ্রাম, সংগ্রাম’,

‘আমার ভাই কবরে, খুনি কেন বাহিরে?’,

‘নিষিদ্ধ নিষিদ্ধ করো, আওয়ামী লীগ নিষিদ্ধ করো’,

‘হাসনাতের রক্ত বৃথা যেতে দেব না’,

‘জুলাইয়ের রক্ত বৃথা যেতে দেব না’,

‘সন্ত্রাসীদের বিরুদ্ধে, অ্যাকশন অ্যাকশন’,

‘আওয়ামী লীগের বিরুদ্ধে, অ্যাকশন টু অ্যাকশন’।

বক্তারা বলেন, “গণতান্ত্রিক আন্দোলনকে দমন করতে গাজীপুরে কাপুরুষোচিত হামলা চালানো হয়েছে।এই হামলার জবাব রাজপথেই দেওয়া হবে।”

এর আগে রোববার সন্ধ্যায় গাজীপুরে হাসনাত আব্দুল্লাহর গাড়িতে অজ্ঞাত ব্যক্তিরা হামলা চালায়।এ সময় গাড়ির কাচ ভাঙচুর করা হয় এবং প্রাণনাশের হুমকিও দেওয়া হয় বলে দাবি করে এনসিপি।দলের নেতাকর্মীরা মনে করেন, “জুলাই-আগস্টের গণঅভ্যুত্থানের আগেই ভয় দেখাতে পরিকল্পিতভাবে এই হামলা চালানো হয়েছে।”

বিক্ষোভ মিছিলটি শান্তিপূর্ণভাবে শেষ হয়।মিছিল ঘিরে পুলিশি নিরাপত্তাও লক্ষ করা যায়।দলের পক্ষ থেকে বলা হয়েছে, যদি হামলাকারীদের গ্রেপ্তার ও শাস্তির ব্যবস্থা না করা হয়, তবে তারা আরও বৃহত্তর কর্মসূচি ঘোষণা করবে।

এনসিপি মুখ্য সংগঠক হাসনাত আব্দুল্লাহ জাতীয় নাগরিক পার্টি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 10:26

URL: https://www.timestodaybd.com/public/national/7758071917